



বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়, রাজবাড়ী।

Email: crmrajabari@krishibank.org.bd

ফোন : ০২-৪৭৮৮০৭৪৬৯

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত অংশীজনের অংশগ্রহণে চতুর্থ ত্রৈমাসিক কমিটির সভায় মতামত ও গৃহীত সিদ্ধান্ত।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজবাড়ী মুখ্য অঞ্চলের অংশীজনের অংশগ্রহণে চতুর্থ ত্রৈমাসিক সভা অদ্য ২৩-০৬-২০২২ ইং তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ৫.০০ ঘটিকার সময় মুখ্য আঞ্চলিক কার্যালয়ে মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সকল সদস্য, শ্রীপুর শাখার ব্যবস্থাপক, একজন মাঠকর্মী ও একজন সম্মানীত গ্রাহকের উপস্থিতিতে সভায় সভাপতিত্ব করেন জনাব মোশারফ হোসেন, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক (দায়িত্বে), বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, রাজবাড়ী।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত অংশীজনের অংশগ্রহণে চতুর্থ ত্রৈমাসিক সভায় আলোচনা শেষে নিম্নোক্ত বিষয়/কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত বাস্তবায়নঃ

- প্রতিযোগিতামূলক ব্যাংকিং এ যেন বিবেচনা, পিছিয়ে না পড়ে সেটি মাথায় রেখে সকল কর্মকর্তা/কর্মচারীকে নিজেদের আচরণগত ও পেশাগত দৃষ্টিভঙ্গির উৎকর্ষ সাধনের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। কারন ব্যাংক বাঁচলেই আমরা বাঁচব এটা সর্বদা মনে রাখতে হবে আমাদেরকে; (প্রশান্ত কুমার দাস, সহকারী মহাব্যবস্থাপক)
- আমানত বৃদ্ধির জন্য প্রতিটি শাখার কর্মকর্তা(ক্যাশ) গণকে তাদের আচরণ বিধি পরিবর্তন করতে হবে। ভাল সেবা ও ভাল ব্যবহার করলে আমানত বৃদ্ধি পাবে; যা অনেকটাই উন্নত হয়েছে। (মোছাঃ আয়শা খাতুন, উর্দ্ধতন কর্মকর্তা)
- প্রতিটি শাখায় টাকা গণনা মেশিন দিতে হবে কারন আধুনিক যুগে পৃথিবী যেমন এগিয়ে যাচ্ছে মানুষের মানসিকতারও পরিবর্তন হচ্ছে সে কারনে আধুনিককালে হাত দিয়ে টাকা গুনে গ্রাহক সন্তুষ্ট করা সম্ভব নয়, ইতিমধ্যে বেশ কিছু শাখায় দেয়া হয়েছে, বাকি শাখা গুলোতে আগামী অর্ধবছরে দেয়া হবে বলে জানিয়েছে বিভাগীয় কার্যালয়।
- অত্র মুখ্য অঞ্চলের ১৩টি শাখার মধ্যে ১৩ টি শাখাই ইতোমধ্যে অকস্মিক পরিদর্শন সম্পন্ন করা হয়েছে;
- বিবেচনা, পাঁচুরিয়া বাজার শাখায় ১৫/০৬/২০২২ইং তারিখে প্রকাশ্যে ঋণ বিতরণ অনুষ্ঠান করা হয়েছে।

সিদ্ধান্তঃ

- সামনে বার্ষিক হিসাব সমাপনী তাই আমাদেরকে খুব সতর্কতার সহিত কাজ করতে হবে, যেন সকল হিসাবায়ন সঠিকভাবে শেষ করা যায়। এবং প্রতিটি শাখাই যেন লাভ করতে পারে সে বিষয়ে কঠোর নজর রাখতে হবে;
- বৈদেশিক রেমিট্যান্স সংগ্রহ মাস চলছে তাই এ বিষয়ে ব্যাপক প্রচারণা চালাতে হবে। যেহেতু বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রতিটি অঞ্চলের জন্য প্রধান কার্যালয় কর্তৃক পুরস্কারের ব্যবস্থা করেছে তাই আমরা যেন আমাদের মুখ্য অঞ্চলের বার্ষিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করতে পারি সে বিষয়টি মাথায় রেখে সকলকে নিজ নিজ জায়গা থেকে কাজ করতে হবে; (মোছাঃ আয়শা খাতুন, উর্দ্ধতন কর্মকর্তা)
- বিবেচনা, শ্রীপুর শাখার সম্মানীত ঋণ গ্রহীতা জনাব মোঃ নৈমদ্দিন মল্লিক বলেন শাখার ঋণ বিতরণের কার্যক্রম ভাল। শাখার সকল কর্মকর্তা গ্রাহকদের দ্রুত সেবা দিচ্ছেন। ঋণ গ্রহীতাদের সাথে ব্যাংক থেকে সব সময় তদারকি করলে ভাল হয়। গ্রাহক সেবা পেতে এখানে কোন সমস্যার সম্মুখীন হতে হয় না। শাখার সার্বিক কার্যক্রম ও পরিবেশ ভাল; এবং
- বিবেচনা, শ্রীপুর শাখার ব্যবস্থাপক জনাব জি.এম. আশরাফ হোসেন মোল্লা জানান আরটিজিএস সুবিধা চালু হওয়ায় শাখার নগদ টাকার সমস্যা অনেকটাই দূর হয়েছে।

প্রশান্ত কুমার দাস
সদস্য, আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
সহকারী মহাব্যবস্থাপক

26/06/22

মোঃ জামাল হোসেন
সদস্য, আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
ডাঃএঃ কঃ আপাঃ

মোছাঃ আয়শা খাতুন
সদস্য, আঞ্চলিক নৈতিকতা
কমিটি
ও
উঃ কর্মকর্তা

মোঃ হাফিজুর রহমান
সদস্য সচিব আঞ্চলিক নৈতিকতা
কমিটি
ও
মুখ্য কর্মকর্তা

মোশারফ হোসেন
আহ্বায়ক, আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক (দায়িত্বে)

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-০১ ও ০২ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর (প্রশাসন মহাবিভাগ), বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, ফরিদপুর।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর।
- ০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, রাজবাড়ী।
- ০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজবাড়ী মুখ্য অঞ্চল, রাজবাড়ী।
- ০৯। অফিস নথি।